

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নারী শিক্ষার্থীদের পাঁচটি আবাসিক হলের বিভিন্ন সমস্যা ও সংকট নিরসনে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মো. আখতারুজ্জামান বরাবর স্মারকলিপি দিয়েছেন হল ছাত্রলীগের নেতৃবৃন্দরা। এতে শিক্ষার্থীদের সংকট নিরসনে আট দফা দাবি জানিয়েছেন তারা। গতকাল শনিবার বেলা সোয়া ১২টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনস্থ উপাচার্যের কার্যালয়ে এসে স্মারকলিপি হস্তান্তর করেন আবাসিক পাঁচটি হল ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক। এ সময় উপাচার্য মেয়েদের

advertisement

. পাঁচ হলের প্রাধ্যক্ষ এবং আবাসিক শিক্ষকদের সঙ্গে রবিবার বসে হলের সমস্যাগুলোর সমাধানের বিষয়ে আলোচনা করবেন বলে আশ্বাস দেন।

ছাত্রীদের আট দফা দাবিগুলো হলো- অনাবাসিক এবং আবাসিক শিক্ষার্থীদের আইডি কার্ড দেখিয়ে যে কোনো হলে প্রবেশের সুযোগ দেওয়া; হলে প্রবেশের সময়সীমা বাড়ানো; হলের খাবারের গুণগত মান বৃদ্ধি এবং প্রত্যেক হলে পর্যাপ্ত বিশুদ্ধ পানির ফিল্টার স্থাপন করা; শিক্ষার্থীদের সঙ্গে হল প্রশাসনের সদাচরণ এবং হলের কর্মচারীদের শিক্ষার্থীদের সঙ্গে হয়রানিমূলক আচরণ বন্ধ করা; হলে কোনো শিক্ষার্থী অসুস্থ হলে তাত্ক্ষণিক ব্যবস্থা নেওয়া; হলের গেস্টরুম সকাল ৮ থেকে রাত ৮টা পর্যন্ত খোলা রাখা; দূরবর্তী হলগুলোর যাতায়াতের জন্য বাসের ট্রিপ এবং সময়সীমা বৃদ্ধি করা; ক্যাম্পাসে যাতায়াতের জন্য সঠিক রিকশা ভাড়া নির্ধারণ এবং এ ব্যাপারে যথাযথ মনিটরিং করা।

ছাত্রলীগের নেত্রীদের মধ্যে উপস্থিত ছিলেন শামসুন নাহার হল শাখা সভাপতি খাদিজা আখতার উর্মি ও সাধারণ সম্পাদক নুসরাত রুবাইয়াত নীলা, রোকেয়া হল শাখা ছাত্রলীগ সভাপতি আতিকা বিনতে হোসেন ও সাধারণ সম্পাদক অন্তরা দাস পৃথা প্রমুখ।